দেশে করোনায় আরও ৩৯ প্রাণহানি, শনাক্ত ২,৯৭৭ জন

দেশে করোনাভাইরাসে আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় ৩৯ জনের মৃত্যু হয়েছে। এ সর্বমোট তিন হাজার ৩০৬ জন মারা গেছেন।

বৃহস্পতিবার দুপুরে কোভিড-১৯ রোগ নিয়ে স্বাস্থ্য অধিদফতরের এক অনলাইন ব্রিফিংয়ে এমন তথ্য জানা গেছে।

বুলেটিনে বলা হয়, গত ২৪ ঘণ্টায় ১৩ হাজার ১৮৯টি নমুনা সংগ্রহ করা হয়েছে। এর মধ্যে ১২ হাজার ৭০৮টি পিসিআর পরীক্ষা করা হয়। এ পর্যন্ত ১২ লাখ ২৫ হাজার ১২৪টি পিসিআর পরীক্ষা করা হয়। তার মধ্যে দুই লাখ ৪৯ হাজার ৬৫১টি করোনা পজিটিভ এসেছে।

‘আর গত একদিনে করোনা পজিটিভ এসেছে দুই হাজার ৯৭৭ জনের। একদিনে শনাক্তের হার দাঁড়িয়েছে ২৩ দশমিক ৪৩ শতাংশ। আর পর্যন্ত শনাক্তের হার ২০ দশমিক ৩৮ শতাংশ।’

স্বাস্থ্য অধিদফতর জানায়, এসময়ে দুই হাজার ৭৪ জন কোভিড-১৯ রোগ থেকে সেরে উঠেছেন। এ পর্যন্ত সুস্থ হয়েছেন এক লাখ ৪৩ হাজার ৮২৪ জন। শনাক্ত বিবেচরনায় সুস্থতার হার ৫৭ দশমিক ৬১ শতাংশ। ২৪ ঘণ্টায় মৃতদের মধ্যে পুরুষ ৩২ জন, আর নারী সাতজন।

আড়াইহাজারে আওয়ামী লীগের দুই গ্রুপের সংঘর্ষে নিহত ১, আহত ১৫

নারায়ণগঞ্জের আড়াইহাজারে বৃহম্পতিবার ভোর সাড়ে ৫টার দিকে আওয়ামী লীগের স্থানীয় দুই গ্রুপের সংঘর্ষের ঘটনায় আনোয়ার হোসেন (৪৭) নামে এক কৃষক নিহত হয়েছেন। তিনি উপজেলার কাদিরদিয়া পূর্বপাড়া এলাকার মৃত আবেদ আলীর ছেলে। একই ঘটনায় আহত হয়েছেন নারীসহ অন্তত

১৫ জন।

আহতদের উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সসহ বিভিন্ন সেবা কেন্দ্রে ভর্তি করা হয়েছে। উচিতপুরা ইউনিয়নের ৫ নং ওয়ার্ডের সাধারণ সদস্য হানিফ ও ওয়ার্ড স্বেচ্ছাসেবক লীগের সভাপতি জাফর গ্রুপের সঙ্গে সংঘর্ষের এই ঘটনা ঘটে।

নিহতের বড় ভাই আলী হোসেন জানান, ৫নং ওয়ার্ডের মেম্বার হানিফের সঙ্গে তার ভাই ওয়ার্ড স্বেচ্ছাসেবক লীগের সভাপতি জাফরের সঙ্গে রাজনৈতিক বিরোধ রয়েছে। এরই জেরে ৫ আগস্ট সন্ধ্যায় হানিফ মেম্বার তার দলবল নিয়ে তাদের বাড়িতে হামলা চালায়। এসময় বসত ঘর ভাংচুর ও লুটপাট করা হয়েছে। পরে পুলিশ গিয়ে পরিস্থিতি শান্ত করেন।ভোর সাড়ে ৫টার দিকে ফের হামলা চালানো হয়। এসময় বাড়ির লোকজন বাইরে ছিল।

তিনি আরও বলেন, আমার ভাই আনোয়ারকে বাড়িতে একা পেয়ে বেধড়ক পেটানো হয়। পরে তাকে আশঙ্কা জনক অবস্থায় উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। এক পর্যায়ে তার মৃত্যু হয়। তিনি পেশায় কৃষক ছিলেন। তার দুই ছেলে ও এক মেয়ে রয়েছে।

তবে এ ব্যাপারে অভিযুক্ত হানিফ মেম্বারের মন্তব্য পাওয়া যায়নি। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগে কত্যর্বরত ডাক্তার সারফুল আনোয়ার হোসেনের মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, মাথায় আঘাত জনিত কারণে তার মৃত্যু হয়েছে। আড়াইহাজার থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নজরুল ইসলাম বিষয়টি নিশ্চিত করে জানান, খবর পাওয়ার পর ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। পরিস্থিতি আপাতত শান্ত রয়েছে।

সূত্র- বিডি-প্রতিদিন

মেডিকেল টেকনোলজিস্ট নিয়োগ

না দিতে আইনি নোটিশ

নিয়োগ প্রক্রিয়া অনুসরণ করা ছাড়া মেডিকেল টেকনোলজিস্ট পদে নিয়োগ না দিতে স্বাস্থ্য সচিব ও স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালককে আইনি নোটিশ দেওয়া হয়েছে। গতকাল বুধবার তিনজন আবেদনকারীর পক্ষে সুপ্রিম কোর্টের আইনজীবী শেখ হাসান আলী এই নোটিশ পাঠান।

মেডিকেল টেকনোলজিস্ট পদে নিয়োগ বিজ্ঞপ্তি জারি করার পর প্রক্রিয়া চলমান থাকা অবস্থায় এই প্রক্রিয়ার বাইরে স্বেচ্ছাসেবক নামধারী মেডিকেল টেকনোলজিস্টদের নিয়োগ দেওয়ার উদ্যোগ নেওয়ায় ছয়জনকে লিগ্যাল নোটিশ দিয়েছেন সুপ্রিম কোর্টের এই আইনজীবী।

বিশেষ বিবেচনায় ১৮৩ মেডিকেল টেকনোলজিস্টকে সরাসরি স্থায়ী নিয়োগ দেওয়ার পর নতুন করে ৮৮৯ পদে নিয়োগের জন্য স্বাস্থ্য অধিদপ্তর গত ২৯ জুন নিয়োগ বিজ্ঞপ্তি জারি করে। সেই মোতাবেক ২০ জুলাই চাকরিপ্রার্থীদের আবেদনের শেষ তারিখ নির্ধারিত ছিল।

এই প্রক্রিয়াকে পাশ কাটিয়ে নিয়োগ বিধি-বহির্ভূতভাবে স্বেচ্ছাসেবক নামধারী মেডিকেল টেকনোলজিস্টদের সরাসরি স্থায়ী নিয়োগের তৎপরতা চালাচ্ছে স্বাস্থ্য অধিদপ্তর।

সূত্র- বিডি-প্রতিদিন

বসুন্ধরা কিংসে ব্রাজিলের ফুটবলার রবিনহো

ব্রাজিলের বিখ্যাত ক্লাব ফ্লুমিনেন্স থেকে রবসন আজেভেদো দা সিলভা রবিনহোকে দলে ভিড়িয়েছে বসুন্ধরা কিংস। ২৫ বছর বয়সী উইঙ্গার পুরো মৌসুমের জন্য ধারে আসছেন দেশের ফুটবলের নতুন চ্যাম্পিয়নদের ঘরে। গ্রীষ্মকালীন দলবদলের বাজারে এটিই দলটির প্রথম চুক্তি। গতকাল বুধবার বসুন্ধরা কিংসের ফেসবুক পেজে বিষয়টি

নিশ্চিত করা হয়েছে।

কোস্টারিকান ফরোয়ার্ড দানিয়েল কলিনদ্রেস বিদায় নেওয়ার পর থেকেই তার পজিশনে একজন বিকল্প খুঁজছিল বসুন্ধরা কিংস। এর আগে অবশ্য আর্জেন্টাইন ফরোয়ার্ড হার্নান বার্কোসকে দলে ভিড়িয়েছিল ঘরোয়া ফুটবলের নতুন জায়ান্টরা। এবার পাঁচবারের বিশ্বকাপজয়ী দেশের ফুটবলারকে দেখা যাবে তার জুটি হিসেবে।

মূলত রাইট উইঙ্গার বা সেন্ট্রাল অ্যাটাকিং মিডফিল্ডার হিসেবে খেলা রবিনহোর মূল শক্তি গতি আর দূরদর্শিতা। বিশেষ করে বক্সের বাইরে থেকে দূরপাল্লার শটে গোল করার সামর্থ্য তাকে অন্যদের চেয়ে আলাদা করেছে। এছাড়া উইংয়ের চেয়ে অ্যাটাকিং থার্ডে কাট করে ভেতরে ঢুকে পড়তে পারেন এই ডান পায়ের খেলোয়াড়।

এদিকে বসুন্ধরা কিংসকে দেওয়া এক সাক্ষাৎকারে রবিনহো বলেন, ‘হ্যালো বাংলাদেশ। সদ্যই বসুন্ধরা কিংসের সঙ্গে আমার চুক্তি স্বাক্ষরিত হলো এবং আমি এখন মাঠে পারফর্ম করতে মুখিয়ে আছি। আমি আমার শক্তি ও সামর্থ্যের পুরোটা দিয়ে মাঠে নিজের সেরাটা দেওয়ার চেষ্টা করব। আমি নিশ্চিত আপনারা সবাই আমার পারফরম্যান্স উপভোগ করবেন। ’

২০১৭ সালে ব্রাজিলের ঐতিহ্যবাহী ক্লাব ফ্লুমিনেন্সে যোগ দেন রবিনহো। ওই মৌসুমে ক্লাব ছেড়ে ইংলিশ প্রিমিয়ার লিগে পাড়ি জমান ব্রাজিলিয়ান স্ট্রাইকার রিচার্লিসন। দু’জনের খেলার ধরনে মিল থাকায় ২ মিলিয়ন ইউরোতে রবিনহোকে দলে নেয় ফ্লুমিনেন্স। এরপর বেশ কয়েকটি ক্লাবে ধারে খেলেন তিনি। আগামী বছর ফ্লুমিনেন্সের সঙ্গে রবিনহোর চুক্তির মেয়াদ শেষ হবে। এরপর তাকে স্থায়ীভাবে রেখে দেওয়ার সুযোগ থাকছে বসুন্ধরা কিংসের সামনে।

গত মৌসুমে ফ্লুমিনেন্স থেকে ধারে সাও পাওলো শীর্ষ লিগের ক্লাব আগুয়া সান্তার হয়ে খেলেছেন রবিনহো। সেখান থেকে বসুন্ধরা কিংসে আসছেন তিনি। আগামী মাসে ঢাকায় পা রাখবেন সাম্বার দেশের ফুটবলার। এরপর আগামী অক্টোবরে এএফসি কাপ দিয়ে শুরু হবে তার প্রথম পরীক্ষা। এখন পর্যন্ত চারজন বিদেশি ফুটবলারের মধ্যে আর্জেন্টাইন বার্কোস ও ব্রাজিলের রবিনহোর খেলা চূড়ান্ত। বাকি দু’জনের ব্যাপারে এখনও চূড়ান্ত কোনো সিদ্ধান্ত জানা যায়নি।

সূত্র- বিডি-প্রতিদিন

[redacted]

[redacted]

মামলার অন্য আসামিরা হলেন বাহারছড়া তদন্ত কেন্দ্রের উপপরিদর্শক (এসআই) নন্দ দুলাল রক্ষিত, কনস্টেবল সাফানুর করিম, কামাল হোসেন, আব্দুল্লাহ আল মামুন, সহকারী উপপরিদর্শক (এএসআই) লিটন মিয়া, সহকারী উপপরিদর্শক (এএসআই) টুটুল ও কনস্টেবল মোহাম্মদ মোস্তফা।

সূত্র- বিডি প্রতিদিন

বৈরুতের ঘটনা হৃদয়বিদারক-মর্মস্পর্শী : ফখরুল

লেবাননের রাজধানী বৈরুতে ভয়াবহ বিস্ফোরণ প্রসঙ্গে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, মঙ্গলবার বৈরুতের বন্দর এলাকায় প্রচণ্ড বিস্ফোরণে নিহত ও আহতের ঘটনা হৃদয়বিদারক-মর্মস্পর্শী। আজ বৃহস্পতিবার এক বিবৃতিতে বিএনপি মহাসচিব বলেন, এ ঘটনায় অনেকে নিহত হয়েছেন।

আহতদের মধ্যে অনেকের অবস্থা আশঙ্কাজনক। মর্মস্পর্শী এ ঘটনায় আমি ভাষা হারিয়ে ফেলেছি। ইতিহাসে এ ভয়ঙ্কর বিস্ফোরণের নজির পাওয়া দুষ্কর। বিস্ফোরণের প্রচণ্ড শব্দে পুরো বৈরুত কেঁপে ওঠে, বিভিন্ন ভবনের জানালা ও দরজার কাঁচ ভেঙ্গে যায় এবং অনেক ভবনের বেলকোনি ধসে পড়ে। আগুনের কুণ্ডলী ও ধোঁয়ায় ঢেকে যায় আকাশ। এ ক্রান্তিকালে লেবাননবাসী ও তাদের সরকার যে অসীম ধৈর্য্যধারণ করে পরিস্থিতি সামাল দিচ্ছে, তা নিঃসন্দেহে বিশ্বসম্প্রদায়কে অনুপ্রাণিত করবে।

লেবাননের সরকার ও জনগণ অতিদ্রুত এ সংকট কাটাতে সক্ষম হবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাসী। আমি লেবাননের শোকার্ত জনগণের প্রতি সমবেদনা জ্ঞাপন করছি। এ মর্মান্তিক বিস্ফোরণে লেবাননবাসীর বেদনার সঙ্গে আমিও সমব্যথী। চারজন বাংলাদেশিসহ যারা ওই বিস্ফোরণে নিহত হয়েছেন তাদের প্রতি গভীর শোক জ্ঞাপন করছি এবং বাংলাদেশ নৌবাহিনীর ২১ জন সদস্যসহ চার সহস্রাধিক আহত মানুষের আশু সুস্থতা কামনা করছি, যোগ করেন ফখরুল।

চীনে পোকার কামড়ে নতুন ভাইরাস : ৭ জনের মৃত্যু, সংক্রামিত ৬০

উহান থেকে ছড়িয়ে পড়া করোনাভাইরাস সামলাতে গোটা দুনিয়া হিমশিম খাচ্ছে। এরই মধ্যে সাত লাখেরও বেশি মানুষের মৃত্যু হয়েছে। এক কোটি ৮০ লাখের উপর আক্রান্ত। এর মধ্যে আবার নতুন ভাইরাসের উৎপাত শুরু হয়েছে চীনে। বিশেষজ্ঞরা নিশ্চিত করে জানিয়েছেন, বিশেষ এক ধরনের রক্তচোষা পোকার কামড় থেকে ছড়িয়ে পড়ছে ভাইরাসের সংক্রমণ। চীনের নতুন এই ভাইরাসে এরই মধ্যে সাত জনের মৃত্যু হয়েছে বলে সরকারিভাবে নিশ্চিত করা হয়েছে। সংক্রামিতের সংখ্যা ৬০ ছাড়িয়েছে।

চীনের গ্লোবাল টাইমসের রিপোর্ট অনুযায়ী, পূর্ব চীনের জিয়াংসু প্রদেশ এখনও পর্যন্ত ৩৭ জনের শরীরে নয়া SFTS ভাইরাসের উপস্থিতি শনাক্ত করা সম্ভব হয়েছে। এই ভাইরাসের কমন লক্ষণের মধ্যে রয়েছে জ্বর, সর্দিকাশি, সেইসঙ্গে লিউকোসাইটের সংখ্যা হ্রাস। যাকে একসঙ্গে বলা হচ্ছে SFTS। অন্য দিকে, পূর্ব চীনের আনহুই প্রদেশও আরও ২৩ জন নয়া ভাইরাসে আক্রান্ত। কোভিড ভাইরাসের মতো নয়া SFTS ভাইরাস প্রাণঘাতী কি না, তা এখনও পরীক্ষা-নিরীক্ষার স্তরে আছে। তবে, কোভিড থেকে শিক্ষা নিয়ে এ বার আর গাছাড়া মনোভাব দেখাচ্ছে না চীন। বিশেষত, সাত জনের প্রাণহানির উপর।

জিয়াংসু প্রদেশের রাজধানী নানজিংয়ের এক আক্রান্ত নারী জ্বর-সর্দির মতো সাধারণ উপসর্গ নিয়ে চিকিৎসকের কাছে গিয়েছিলেন। জ্বর না-কমায় চিকিৎসকেরা রক্তপরীক্ষা করাতে দেন। দেখা যায় লিউকোসাইট কমে গিয়েছে। প্লেটলেটের সংখ্যাও স্বাভাবিকের তুলনায় কম। হাসপাতালে রেখে এক মাসের উপর চিকিৎসা চলে। তার পরেই নারী সুস্থ হয়ে ওঠেন। পরে, জানা যায় নারী নতুন ভাইরাসে আক্রান্ত।

গ্লোবাল টাইমসের রিপোর্টে বলা হয়েছে, আনহুই ও জিয়াংসু প্রদেশে নয়া ভাইরাসের সংক্রমণে সাত জন এ পর্যন্ত মারা গেছেন। যদি চীনের

ভাইরাস বিশেষজ্ঞরা জানাচ্ছেন, SFTS ভাইরাস (SFTS Virus) আদতে নতুন ভাইরাস নয়। ২০১১ সালেই এই ভাইরাসের প্যাথোজেনকে পৃথক করা হয়। এটি বুনিয়াভাইরাস (Bunyavirus)-এর ক্যাটেগরিতে পড়ছে।

ভাইরোলজিস্টদের ধারণা, বিশের একধরনের রক্তচোষা পোকার কামড় থেকেই মানুষের শরীরে এই ভাইরাস সংক্রামিত হয়েছে। তবে, মানুষ থেকে মানুষের শরীরে সংক্রামিত হওয়ার আশঙ্কা তাঁরা একেবারে উড়িয়ে দিচ্ছেন না। রক্ত বা মিউকাস থেকে ছড়িয়ে পড়ার যথেষ্ট সম্ভাবনা আছে বলে সতর্ক করেছেন চীনের ঝিজিয়াং বিশ্ববিদ্যালয় হাসপাতালের চিকিৎসক শেং জিফাং।

চিকিত্‌সকেরা সতর্ক করে জানিয়েছেন, পোকার দংশনই হল প্রধান সংক্রমণ রুট। তাই একটু সাবধানে থাকতে হবে। তবে, এই ভাইরাসের সংক্রমণ নিয়ে আতঙ্কিত হওয়ার দরকার নেই, এটি বলে। তবে, এই বুনিয়াভাইরাস নিয়ে এখনই আতঙ্কিত হয়ে পড়ার মতো কিছু ঘটেনি।

সূত্র : এই সময়।

করোনা মোকাবেলায় ৩২৯ মিলিয়ন ডলার দিচ্ছে জাপান

করোনাভাইরাসের অভিঘাত মোকাবেলায় বাংলাদেশকে ৩২৯ মিলিয়ন মার্কিন ডলার (৩৫ বিলিয়ন জাপানি ইয়েন) আর্থিক সহযোগিতা দিচ্ছে জাপান।

এ সংক্রান্ত একটি বিল জাপানের পার্লামেন্টে অনুমোদন পেয়েছে বলে বুধবার দুপুরে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে টেলিফোনে জানিয়েছেন জাপানের প্রধানমন্ত্রী শিনজো অ্যাবে।

প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, বুধবার দুপুর ১টা ৫ মিনিটে শেখ হাসিনার সঙ্গে টেলিফোনে কথা বলেন শিনজো অ্যাবে। দুই নেতার মধ্যে প্রায় ২৫ মিনিট কথোপকথন হয়।

দুই নেতা টেলিফোনে কুশলাদি বিনিময় করেন এবং দুই দেশের কোভিড-১৯ করোনাভাইরাস পরিস্থিতি সম্পর্কে একে-অপরকে অবহিত করেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার সরকার করোনা সংক্রমণ মোকাবেলায় এবং এর চিকিৎসা ক্ষেত্রে যেসব উদ্যোগ গ্রহণ করেছে সে সম্পর্কে বিস্তারিত তুলে ধরেন। একপর্যায়ে জাপান সরকার কর্তৃক বাংলাদেশকে কোভিড সংক্রমণ প্রতিরোধক ইকুইপমেন্টস পিপিই, মাস্ক, গাউন, গগলস ইত্যাদি প্রদানের জন্য শিনজো অ্যাবেকে শেখ হাসিনা ধন্যবাদ জানান।

মূল আলোচনায় দুই দেশের দ্বিপাক্ষিক অর্থনৈতিক সম্পর্ক আরও জোরদার করার বিষয়গুলো ওঠে আসে। জাপান সরকারের অর্থায়নে চলমান প্রকল্পগুলোর অগ্রগতি সম্পর্কে দুই নেতা আলোচনা করেন। বাংলাদেশের অবকাঠামো উন্নয়নে আরও জাপানি বিনিয়োগের জন্য শেখ হাসিনা জাপানি প্রধানমন্ত্রীকে অনুরোধ করেন। তিনি চলমান রোহিঙ্গা সংকট সম্পর্কে শিনজো অ্যাবেকে অবহিত করেন এবং এ সংকট উত্তরণে জাপান সরকারের সহযোগিতা কামনা করেন। সূত্র-যুগান্তর

সোশ্যাল মিডিয়া ব্যবহার করে সমাজে অস্থিরতা ছড়ালে ব্যবস্থা : তথ্যমন্ত্রী

ফেসবুক, টুইটার, ইউটিউব বা অন্য সোশ্যাল মিডিয়া ব্যবহার করে সমাজে অস্থিরতা ছড়ালে প্রয়োজনে তাদের বিরুদ্ধেও ব্যবস্থা নেয়া হবে বলে জানিয়েছেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ।

বুধবার সচিবালয়ে তথ্য মন্ত্রণালয় সভাকক্ষে ঈদ পুনর্মিলনী সভায় সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে একথা জানান তিনি।

গণমাধ্যমের স্বার্থে এগুলোকে ট্যাক্সেশনের আওতায় আনা প্রয়োজন উল্লেখ করে প্রয়োজন হলে আলোচনা করে নতুন আইন করা হবে বলেও জানান তিনি।

মন্ত্রী বলেন, ইউরোপে ফেসবুক, টুইটার, ইউটিউব বা অন্য সামাজিক যোগাযোগ মাধ্যমগুলো ব্যবহার করে সমাজে অস্থিতরতা তৈরি, ফেক নিউজ করা, কারও চরিত্র হনন করলে এ ধরনের সার্ভিস প্রোভাইডারদের জরিমানা করার বিধান রয়েছে।
তিনি বলেন, আমাদের দেশের বিদ্যমান আইনে আমরা জরিমানা করতে পারি।

প্রয়োজনে সেই পদক্ষেপ নেবো। আমরা আলাপ-আলোচনা করছি, প্রয়োজন হলে নতুন আইন করা হবে। তবে প্রচলিত আইনেই যারা সার্ভিস প্রোভাইডার হাজার হাজার কোটি টাকা ব্যবসা করে নিয়ে যাবেন, আর ডোমেইন ব্যবহার করে যা ইচ্ছা তা করবে সেটার জবাবদিহিতা থাকবে না, সেটাতো হতে পারে না। পাশাপাশি সমাজে রাষ্ট্রের অস্থিরতা তৈরি করবে, একে অপরের চরিত্রহনন করবে এবং তরুণ সমাজকে বিপথে পরিচালিত করবে। এজন্য যে ডোমেইন বা সার্ভিস দিচ্ছে তাদের দায় রয়েছে। সেজন্য প্রয়োজনে তাদেরও জরিমানা করা হবে।

টিকটক ও লাইকি নিয়ে সমাজে যে সমস্যা তৈরি হয়েছে সে বিষয়ে সরকার কী করছে জানতে চাইলে তথ্যমন্ত্রী বলেন, আমরা ইতোমধ্যে সামাজিক যোগাযোগ মাধ্যমের বিষয়ে তথ্য মন্ত্রণালয়ের একজন অতিরিক্ত সচিবের নেতৃত্বে একটি আন্তঃমন্ত্রণালয় কমিটি করে দিয়েছি। এগুলো কীভাবে আমাদের দেশে পরিচালিত হওয়া প্রয়োজন, কীভাবে ট্যাক্সেশনের আওতায় আনা যায়, আমাদের দেশের আইন-কানুন সংস্কৃতি এগুলো যাতে মেনে চলে সেজন্য কী করণীয় সে বিষয়গুলো ক্ষতিয়ে দেখে একটি রিপোর্ট পেশ করবে। সেই রিপোর্টের পরিপ্রেক্ষিতে এগুলোকে নিয়ম-নীতির মধ্যে আনা।

‘ইতোমধ্যে ব্যবহারকারীদের ট্যাক্সেশনের আওতায় আনা হয়েছে। বাংলাদেশ থেকে যারা ব্যবহার করে তারা ট্যাক্স দিচ্ছে। কিন্তু তারা যে আমাদের দেশকে ব্যবহার করে টাকা উপার্জন করে নিয়ে যাচ্ছে সেজন্য ইনকাম ট্যাক্স দিচ্ছে না। সেটা দেওয়া প্রয়োজন। এ লক্ষ্যে বিভিন্ন দেশে আইন হয়েছে। অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী বলেছেন, গণমাধ্যমের স্বার্থে এগুলোকে ট্যাক্সেশনের আওতায় আনা প্রয়োজন। আমিও মনে করি মূলধারার গণমাধ্যমগুলোকে ট্যাক্সেশনের আওতায় আনা প্রয়োজন।’

সূত্র- বিডি প্রতিদিন

নেত্রকোনায় নৌকা ডুবে ১৭ জনের মৃত্যু

নেত্রকোনার মদন উপজেলায় পর্যটনকেন্দ্র মিনি কক্সবাজার নামে খ্যাত উচিতপুরের হাওরে ঘুরতে এসে নৌকাডুবিতে ১৭ জনের মৃত্যু গয়েছে। এদের মধ্যে দুটি কন্যাশিশু ও বাকিরা পুরুষ।

আজ বুধবার বেলা সাড়ে ১১টার দিকে উচিতপুরের সামনের হাওর গোবিন্দশ্রী রাজালী কান্দা নামক স্থানে এঘটনা ঘটে। কন্যাশিশু দুটির পরিচয় পাওয়া গেছে। তারা হলো লুবনা আক্তার (১০) ও জুলফা আক্তার (৭)। এরা সহোদরা এবং চরশিতা ইউনিয়নের ওয়ারেছ উদ্দিনের মেয়ে। বাকিদের পরিচয় পাওয়া যায়নি।

স্থানীয় ও পুলিশ সূত্রে জানা যায়, বুধবার সকালে ময়মনসিংহ সদর থানার ৫ নম্বর চরশিরতা ইউনিয়ন ও আটপাড়া তেলিগাতী থেকে ৪৮ জন ঘুরতে মিনি কক্সবাজার উচিতপুরে আসে। পরে ঘুরতে গেলে হাওরের উত্তাল ঢেউয়ে গোবিন্দশ্রী রাজালীকান্দা নামক স্থানে নৌকাটি ডুবে যায়। এতে ১৭ জনের লাশ উদ্ধার করা হয়েছে।

ওসি মো. রমিজুল হক জানান, মদন হাওরে নৌকা ডুবিতে ১৭টি লাশ উদ্ধার করা হয়েছে। বাকি ৩১ জনকে উদ্ধার করা হয়েছে, তারা সবাই ভালো আছেন।